



বাংলাদেশ কৃষি ব্যাংক আঞ্চলিক কার্যালয়, বান্দরবান।



স্মারক নং:

তারিখ: ৩০.০৯.২০২০ইং

জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা ২০২০-২০২১ প্রনয়ন ও বাস্তবায়ন সম্পর্কিত অংশীজনের অংশগ্রহণে প্রথম ত্রৈমাসিক কমিটির সভার মতামত ও সিদ্ধান্ত।

জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা ২০২০-২০২১ প্রনয়ন ও বাস্তবায়ন সম্পর্কিত বাংলাদেশ কৃষি ব্যাংক, বান্দরবান অঞ্চলের অংশীজনের অংশগ্রহণে প্রথম ত্রৈমাসিক কমিটির সভা অদ্য ৩০.০৯.২০২০খ্রিঃ তারিখ রোজ বুধবার বিকেল ৫.৩০ ঘটিকায় বিকেবি বান্দরবান শাখায় অনুষ্ঠিত হয়। উক্ত সভায় সকল সদস্য ও বিকেবি বান্দরবান শাখার ব্যবস্থাপকসহ সকল কর্মকর্তা-কর্মচারীগণের উপস্থিতিতে সভার সভাপতিত্ব করেন ভূপতি রঞ্জন দাস, আঞ্চলিক ব্যবস্থাপক, বিকেবি বান্দরবান অঞ্চল।


জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা ২০২০-২০২১ প্রনয়ন ও বাস্তবায়ন সম্পর্কিত বাংলাদেশ কৃষি ব্যাংক, বান্দরবান অঞ্চলের অংশীজনের অংশগ্রহণে-প্রথম ত্রৈমাসিক কমিটির সভায় আলোচনা শেষে নিম্নোক্ত কর্মপরিকল্পনা প্রনয়ন এবং বাস্তবায়নের সিদ্ধান্ত গ্রহিত হয়।


- ক) করোনা ভাইরাস (COVID-19) এর সংক্রমন রোধে বাংলাদেশ সরকারের স্বাস্থ্যবিভাগ ও অত্র ব্যাংকের প্রধান কার্যালয় হতে জারীকৃত সকল নীতিমালা অনুসরণ করে সম্পূর্ণ স্বাস্থ্যবিধি মেনে ব্যাংকিং কার্যক্রম পরিচালনা করার পরামর্শ দেয়া হলো।
- খ) কাজের স্বচ্ছতা ও জবাবদিহিতা নিশ্চিত করার লক্ষ্যে শাখার একটি দৃশ্যমান স্থানে বাংলাদেশ ব্যাংকের হটলাইন নম্বর- ১৬২৩৬ এবং অত্র ব্যাংকের নির্বাহীবৃন্দের ফোন নম্বর ও আঞ্চলিক ব্যবস্থাপকের মোবাইল নম্বর স্থাপন করার পরামর্শ দেয়া হলো।
- গ) শাখার অভিযোগ বাক্স একটি দৃশ্যমান স্থানে স্থাপন করার পরামর্শ দেয়া হলো।
- ঘ) কৃষি ও পল্লীঋণ নীতিমালা ও কর্মসূচী-২০২০ এবং ক্রেডিট পলিসি এবং অপারেশন ম্যানুয়্যাল-২০১৯ অনুসরণ করে দ্রুততার এবং স্বচ্ছতার সাথে ঋণ বিতরণ কিংবা ঋণটি বিতরণ করা না গেলে তার কারন গ্রাহককে অবহিত করার পরামর্শ দেয়া হলো।
- ঙ) মানিলভারিং এবং সন্ত্রাসে অর্থায়ন প্রতিরোধে নিয়মিত CTR/STR সহ অন্যান্য প্রয়োজনীয় বিবরণী যথাসময়ে প্রেরণ নিশ্চিত করার পরামর্শ দেয়া হলো।


ক্রমশ: ২য় পাতা


সিদ্ধান্ত সমূহঃ-

- ক) উপযুক্ত স্বাস্থ্যবিধি মেনে ব্যাংকিং কার্যক্রম পরিচালনা করতে হবে।
খ) স্বচ্ছতা ও জবাবদিহিতা বৃদ্ধিতে ব্যাংকের নির্বাহীবৃন্দের ফোন নম্বর ও আঞ্চলিক ব্যবস্থাপকের মোবাইল নম্বর এবং বাংলাদেশ ব্যাংকের হটলাইন নম্বর শাখার একটি দৃশ্যমান স্থানে প্রদর্শন করতে হবে।
গ) শাখার অভিযোগ বাক্স নিয়মিত ভাবে চেক করে অভিযোগের প্রয়োজনীয় ব্যবস্থা দ্রুততার সাথে গ্রহন করতে হবে।
ঘ) সকল নীতিমালা অনুসরণ করে স্বচ্ছতার ও দ্রুততার সাথে খন বিতরণ করতে হবে।
ঙ) নিয়মিতভাবে CTR/STR প্রেরন করতে হবে।


(কাউজিক কুমার ধর)
কর্মকর্তা
বিকেবি, আঞ্চলিক কার্যালয়,
বান্দরবান
ও
উপস্থাপনকারী


(সুবিমল দাশ)
উর্ধ্বতন কর্মকর্তা
বিকেবি, আঞ্চলিক কার্যালয়
বান্দরবান
ও
সদস্য-সচিব এবং
শুদ্ধাচার ফোকাল পয়েন্ট কর্মকর্তা


(সুব্রত ত্রিপুরা)
আঞ্চলিক নিরীক্ষা কর্মকর্তা
বিকেবি, আঞ্চলিক নিরীক্ষা কার্যালয়
বান্দরবান
ও
সদস্য



(ভূপতি রঞ্জন দাস)
আঞ্চলিক ব্যবস্থাপক
বিকেবি, আঞ্চলিক কার্যালয়
বান্দরবান
ও
সভাপতি

সূত্র নং-প্রশা-আরএম(বিবান)/শুদ্ধাচার-০১/২০২০-২০২১/৩২৫

তারিখ : ৩০.০৯.২০২০ খ্রিঃ

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো :-

- ০১। স্টাফ অফিসার, মহাব্যবস্থাপক মহোদয়ের দপ্তর, বিকেবি, বিভাগীয় কার্যালয়, চট্টগ্রাম।
০২। উপ-মহাব্যবস্থাপক, শাখা নিয়ন্ত্রন ও ব্যবসা উন্নয়ন বিভাগ, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা।
০৩। উপমহাব্যবস্থাপক, বিকেবি, বিভাগীয় নিরীক্ষা কার্যালয়, চট্টগ্রাম।
০৪। আঞ্চলিক নিরীক্ষা কর্মকর্তা, বিকেবি, আঞ্চলিক নিরীক্ষা কার্যালয়, বান্দরবান।
০৫। সকল শাখা ব্যবস্থাপক, বিকেবি, বান্দরবান অঞ্চল।
০৬। বিকেবি, ওয়েব সাইড।


(সুবিমল দাশ)
উর্ধ্বতন কর্মকর্তা